# বর্ধমান বিশ্ববিদ্যালয়

**রাজবাটি, বর্ধমান-৭১৩১০৪**

## বিজ্ঞপ্তি

Notification No. R-C/UG-Perm/Adm/5 Date : 08-07-2022

**মাননীয়/মাননীয়া**

**অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত মহাবিদ্যালয় সমূহ**

## 2022-23 শিক্ষাবর্ষের স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমিস্টার ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তর কর্তৃক জারি করা নির্দেশনামা নম্বর 507-Edn(CS_/10M-95/14 dated 30-06-2022 অনুযায়ী

- 18.07.2022 থেকে ভর্তির পোর্টাল চালু ও অন-লাইনে আবেদন গ্রহণ শুরু করতে হবে। আবেদনপত্রে কোনোরকম ফি গ্রহণ করা যাবে না।
- 05-08-2022 তারিখে অন-লাইনে আবেদন গ্রহণ শেষ করতে হবে।
- 11-08-2022 তারিখে খসড়া মেধা তালিকা প্রকাশ করতে হবে।
- 16-08-2022 তারিখে চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ করতে হবে।
- 17-08-2022 তারিখে ভর্তি প্রক্রিয়া শুরু করতে হবে।
- 15-09-2022 তারিখে ভর্তি প্রক্রিয়া শেষ করতে হবে।

ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর পশ্চিমবঙ্গ সরকারের উচ্চশিক্ষা দপ্তর নির্দেশিত COVID-19 প্রোটোকল মেনে প্রথম বর্ষে প্রথম সেমেস্টারের ক্লাস 19-09-2022 তারিখ থেকে শুরু করতে হবে। বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্রোগ্রাম/বিষয়ে নির্ধারিত ইনটেক ক্যাপাসিটির বাইরে ভর্তি করা যাবে না। এছাড়া ভর্তি সংক্রান্ত নিম্নলিখিত নিয়মাবলি অনুসরণ করতে বলা হচ্ছে:

১) স্নাতক স্তরে সাম্মানিক (Hons.) কোর্সে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় কমপক্ষে 45% নম্বর থাকতে হবে।মিউজিক এবং সাঁওতালি বিষয়ের ক্ষেত্রে কমপক্ষে 40% নম্বরথাকতে হবে এবং যে সমস্ত ছাত্র/ছাত্রী উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় সাঁওতালি বিষয় ছাড়া পাশ করেছে তারাও সাঁওতালি বিষয়ে (Hons.) কোর্সে ভর্তি হতে পারবে। স্নাতক স্তরে জেনারেল কোর্সে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় পাস করলেই হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় নির্ধারিত উপরোক্ত ন্যূনতম যোগ্যতাসহ কলেজ কর্তৃপক্ষ নির্ধারিত বিষয় ভিত্তিক কোনো নিয়ম যদি থাকে তাও প্রযোজ্য হবে।

২) যে সমস্ত ছাত্রছাত্রী **2019/2020/2021/2022** সালে কোনো স্বীকৃত কাউন্সিল/বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কলেজের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি প্রক্রিয়া অংশগ্রহণ করতে পারবে।

৩) **মেধাতালিকা তৈরির জন্য মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত শতকরা নম্বরের 40% এবং উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় প্রাপ্ত শতকরা নম্বরের 60% মেধা তালিকা নির্ধারণে অবশ্যই বিবেচিত হবে এবং এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় নির্ধারিত উপরিউক্ত নিয়মাবলীসহ কলেজ কর্তৃপক্ষের নির্ধারিত নিয়মও প্রযোজ্য হবে।** উক্ত মেধাতালিকা (with merit score) সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইটে প্রকাশ (upload) করতে হবে এবং তার একটি soft copy ugadmission@buruniv.ac.in-এ পাঠাতে হবে।

এছাড়া প্রতিটি কলেজ তাদের ভর্তি সংক্রান্ত সাপ্তাহিক রিপোর্ট (ভর্তি শুরু হওয়ার পর সাত দিন অন্তর) নির্ধারিত প্রফোর্মা অনুযায়ী google form link https://forms.gle/kVuKK14scikbun1G8 -এ পাঠাতে হবে। ভর্তি ও সংরক্ষণ সংক্রান্ত রাজ্য সরকারের প্রদত্ত সকল নির্দেশনামা (G.O.)/ বিজ্ঞপ্তি এক্ষেত্রে প্রযোজ্য হবে। ভর্তি চলাকালীন COVID-19 প্রোটোকল সংক্রান্ত যে সব নির্দেশনামা আসবে সেগুলি কার্যকর করতে হবে। ভর্তির জন্য মনোনীত ছাত্র/ছাত্রীকে তার নিজস্ব e-mail/mobile মারফত ভর্তির জন্য মনোনয়ন সংক্রান্ত তথ্য যথাযথভাবে জানাতে হবে।

৪) স্নাতক স্তরে সাম্মানিক (Hons.)/ জেনারেল (Gen) কোর্স-এ প্রথম বর্ষে প্রথম সেমিস্টারে ভর্তির জন্য যেকোনো স্বীকৃত বোর্ড/ কাউন্সিল / বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত পাঁচটি বিষয় (প্রতিটি বিষয়ের পূর্ণ মান ১০০) মেধা তালিকা তৈরিতে বিবেচিত হবে। ল্যাবরেটরি-নির্ভর বিষয়ের ক্ষেত্রে theory এবং practical-এ আলাদাভাবে পাস করতে হবে।

৫) আবেদনপত্র জমা দেওয়া ও ভর্তি প্রক্রিয়ার মধ্যে কোনো অবস্থায় ছাত্র-ছাত্রীদের কলেজে হাজিরা দিতে বলা হবে না। সমস্ত প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন হবে। ভর্তির ফি জমা দিতে হবে e-payment/কলেজ নির্ধারিত ব্যাঙ্কের মাধ্যমে। কলেজ নির্ধারিত ব্যাঙ্কে ভর্তি সংক্রান্ত তথ্য জানানোর দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের। ভর্তি সংক্রান্ত সাপ্তাহিক রিপোর্ট (ভর্তি শুরু হওয়ার পর সাত দিন অন্তর) নির্ধারিত প্রোফর্মা অনুযায়ী প্রতিটি কলেজ বিশ্ববিদ্যালয়কে অবশ্যই জানাবে।

৬) যে সকল ছাত্রছাত্রী স্নাতক স্তরে 2021-22 শিক্ষাবর্ষে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হয়েছিল এবং বিশ্ববিদ্যালয়ের Registration করার পর পরীক্ষার Form fill up করেনি, তারা যদি নিয়মানুযায়ী যোগ্য বলে বিবেচিত হয়, তবে তারা বিশ্ববিদ্যালয়ের ভর্তির নিয়ম অনুযায়ী এই বিশ্ববিদ্যালয়ের অন্তর্গত যে কোনো কলেজে Intake capacity-র মধ্যে মেধা তালিকায় স্থান পেলে যে কোনো কোর্সে পুনরায় নতুনভাবে (re-admission নয়) স্নাতকস্তরে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে একই কলেজে তারা সর্বাধিক দুবার ভর্তির সুযোগ পাবে। তাদের নতুন করে Registration করতে হবে না। আগের Registration-ই বহাল থাকবে। তাদের শুধুমাত্র Enrolment form পূরণ করতে হবে এবং উক্ত ছাত্র/ছাত্রীর নিকট থেকে এরূপ ভর্তির কারণের Self declaration নিতে হবে।

৭) ক. B.B.A (Hons) এবং B.B.A (Hons) in Tourism and Hospitality কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় পাস করতে হবে।

খ. B.C.A. (Hons.) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় Mathematics/Statistics/Computer Science/Computer Application/Ituv/Business Economics & Mathematics (BEM) বিষয়ে Pass marks থাকতেই হবে এবং যে সমস্ত ছাত্রছাত্রী CBSE বোর্ড থেকে Information Practice বিষয় নিয়ে (10+2) বা সমতুল পরীক্ষায় পাস করেছে তারাও এ-বিষয়ে অনার্স কোর্সে ভর্তি হতে পারবে।

গ. Economics (Hons) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় Mathematics/Business Mathematics/Equivalent বিষয়ে পাস মার্কস থাকতেই হবে। Nutrition (Hons) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় Chemistry বিষয়ে পাস মার্কস থাকতেই হবে।

ঘ. BSc in Bio-Chemistry (Hons) এবং BSc in Biotechnology (Hons) কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় বিজ্ঞান শাখায় Physics, Chemistry & Bio Science/Mathematics বিষয়ে পাস মার্কস থাকতেই হবে।

৮) রাজ্য স্তরের খেলোয়াড়রা স্পোর্টস কোটায় সাম্মানিক (Hons.) কোর্সের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে যদি উচ্চ-মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় কমপক্ষে 45% নম্বর সহ স্বীকৃত খেলার যথাযথ প্রমাণপত্র থাকে। জেলা স্তরের খেলোয়াড়রা উচ্চ-মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় পাস মার্কস সহ স্বীকৃত খেলার যথাযথ প্রমাণপত্র থাকলে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে জেনারেল কোর্সে ভর্তি হতে পারবে। অনার্সের ক্ষেত্রে প্রতিটি বিষয়ে একটি করে আসন স্পোর্টস কোটার জন্য বরাদ্দ থাকবে।

আবেদনকারীদের মধ্যে মেধার ভিত্তিতে এই নির্বাচন করতে হবে এবং নির্বাচিত ছাত্র/ছাত্রীটি যে ক্যাটেগরির অন্তর্ভুক্ত সেই ক্যাটেগরি থেকে ওই আসনটি বরাদ্দ করা হবে।

৯) যে সমস্ত ছাত্রছাত্রী (10+2) বা সমতুল পরীক্ষায় vocational Engineering & Technology (অঙ্কে Pass Marks সহ) পাস করেছে তারা BCA (Hons.)/BBA(Hons.)/Computer Science (Hons.)/B.A.(Gen.)/B.Sc.(Gen) কোর্সে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে।

১০) যে সমস্ত ছাত্রছাত্রী (10+2) বা সমতুল পরীক্ষায় vocational agriculture নিয়ে পাস করেছে তারা B.A./B.sc.(General)/BBA(Hons.) কোর্সে ভর্তি হতে পারবে।

১১) যে সমস্ত ছাত্রছাত্রী (10+2) বা সমতুল পরীক্ষায় Vocational Business & Commerce নিয়ে পাস করেছে তারা B.A./B.Com (General)/BCom (Hons)/BBA (Hons) কোর্সে ভর্তি হতে পারবে।

১২) যে সমস্ত ছাত্রছাত্রী (10+2) বা সমতুল পরীক্ষায় Vocational Home Science নিয়ে পাস করেছে তারা B.A. (General)/BBA(Hons.) কোর্সে ভর্তি হতে পারবে।

১৩)ক. চার বছরের ব্যাচেলর অব ফাইন আর্ট UG (BFA) পেইন্টিং, স্কাল্পচার ও অ্যাপ্লাইড স্পেশালাইজেশন কোর্সে ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ মাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় পাশ করতে হবে।

খ. দুই বছরের ডিপ্লোমা ইন ভিজুয়াল আর্ট (ক্রাফট অ্যান্ড ডিজাইন) (DVA) কোর্স এ ভর্তি হওয়ার জন্য যে কোনো স্বীকৃত কাউন্সিল বা বোর্ড বা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক (10+2) বা সমতুল পরীক্ষায় পাশ করতে হবে (বয়সের ঊর্ধ্বসীমা নেই)।

১৪) যে সমস্ত ছাত্র/ছাত্রী উপরিউক্ত vocational কোর্স নিয়ে পাস করেছে তারা সংশ্লিষ্ট কলেজে বিষয় ভিত্তিক মোট আসন সংখ্যার মধ্যে সর্বাধিক ১০% আসনে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারের ভর্তির সুযোগ পাবে। এক্ষেত্রে তাদের সাধারণ বোর্ড থেকে পাশ করে ভর্তির সুযোগ পাওয়া সর্বশেষ প্রার্থীর নম্বর থেকে বেশি নম্বর পেতে হবে।

১৫) যেসব ছাত্রছাত্রী বিদেশি বিশ্ববিদ্যালয়/বোর্ড থেকে ডিগ্রি/(১০+২) বা সমতুল পরীক্ষায় পাস করেছে তারা এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত যে কোনো কলেজে স্নাতক স্তরে বিষয়ভিত্তিক কোর্সে মোট আসন সংখ্যার বাইরে 15% আসনে ভর্তি হওয়ার সুযোগ পাবে।

১৬) যে সকল ছাত্রছাত্রী Cambridge University থেকে CIE পরীক্ষায় পাস করেছে তারা এই বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত যে-কোনো কলেজে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হওয়ার যোগ্য। এক্ষেত্রে অবশ্যই তাকে কমপক্ষে 'O' Level থেকে তিনটি বিষয়ে এবং 'A' Level থেকে দুটি বিষয় পাস করতে হবে। উপরোক্ত দুটি লেভেলের মধ্যে কোনো একটি লেভেলের ইংরেজি বিষয় থাকা বাধ্যতামূলক।

১৭) প্রথম বর্ষের প্রথম সেমেস্টারের ক্লাস শুরু হওয়ার 10 দিন পরে কোনো ছাত্র বা ছাত্রী বিষয়/ধারা পরিবর্তন করার জন্য আবেদন করতে পারবে এবং সমগ্র প্রক্রিয়াটি সংশ্লিষ্ট কলেজের Online Admission Portal-এর মাধ্যমেই সম্পন্ন হবে। কলেজ কর্তৃপক্ষ পরবর্তী 10 দিনের মধ্যে বিষয়টি চূড়ান্ত করবেন।

১৮) প্রতিটি কলেজকে অনুরোধ করা হচ্ছে যে বর্তমান পরিস্থিতির কথা বিবেচনা করে ভর্তির ফি যতটা সম্ভব rationalize করার চেষ্টা করতে হবে।

১৯) 2022-23 শিক্ষাবর্ষে কোনো ছাত্র/ছাত্রী ভর্তি হওয়ার পর ভর্তি বাতিল করতে চাইলে বা এক কলেজ ছেড়ে অন্য কলেজে ভর্তি হতে চাইলে, ভর্তির ফি বাবদ নেওয়া অর্থ ফেরত দেওয়ার বিষয়ে UGC এবং উচ্চশিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার-এর নির্দেশনামা প্রযোজ্য হবে।

২০) যে তথ্যগুলি রেজিস্ট্রেশনের সময় প্রয়োজন সেগুলি ক্রমানুসারে ভর্তির ফর্মে যুক্ত করার ব্যবস্থা করতে পারলে ভবিষ্যতে রেজিস্ট্রেশন ফর্মে এর যাচাই/সংগ্রহ করার সুবিধা হবে।

২১) On-line Admission-এর Software-এ Burdwan University-র Registration-cum-Enrolment Form-এর নির্ধারিত ফিল্ডগুলির মধ্যে ছাত্র/ছাত্রীর নিজস্ব সক্রিয় মোবাইল নম্বর এবং সক্রিয় e-mail ID থাকা আবশ্যক এবং Excel format-এ output নিয়ে রাখতে হবে।

সুজিত কুমার চৌধুরী—
(সুজিতকুমার চৌধুরী)
কর্মাধ্যক্ষ

তারিখ 04.07.2022

Notification No. R-C/UG-Perm/Adm/5(75)  Date : 08-07-2022

জ্ঞাতব্য তথ্যও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরিত হলো

১) মাননীয়/মাননীয়া অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষ, বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত মহাবিদ্যালয় সমূহ
২) সকল আধিকারিক, বর্ধমান বিশ্ববিদ্যালয়
৩) পি.এ. উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয়
৪) পি.এ. সহউপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয়
৫) পি.এস. কর্মসচিব, বর্ধমান বিশ্ববিদ্যালয়
৬) এস.এস. অনুমতিশাখা, বর্ধমান বিশ্ববিদ্যালয়
৭) জে.এস. রেজিস্ট্রেশন ও মাইগ্রেশন শাখা, বর্ধমান বিশ্ববিদ্যালয়
৮) সিস্টেম ম্যানেজার, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সেন্টার, এই বিজ্ঞাপনটি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেবার জন্য অনুরোধ করা হচ্ছে।

সুজিত কুমার চৌধুরী—
(সুজিতকুমার চৌধুরী)
কর্মাধ্যক্ষ
তারিখ 08.07.2022

**অনুলিপি সঙ্গে দেওয়া হলো :**

১) অনুমোদিত বোর্ড/কাউন্সিল/বিশ্ববিদ্যালয়ের তালিকা
২) G.O. NO. 507-Edn(CS_/10M-95/14 dated 30-06-2022
৩) Specified Disability List in RPWD Act, 2016
8) List of subject or allied subject required to pass at 10+2 level in order to study Hons. in a subject.